

“শিল্পে প্রাকৃতিক গ্যাস  
গৃহস্থালীতে বিকল্প জ্বালানী”

“বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা  
সর্বোচ্চ অগ্রাধিকার”



বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ  
BANGLADESH PETROLEUM EXPLORATION AND PRODUCTION COMPANY LIMITED  
(A Company of Petrobangla)

স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১৩.৩৯.০০২.২৪/১১৮

তারিখ: ২২ অক্টোবর ২০২৪

### অফিস আদেশ .

কোম্পানির ভূপদার্থিক ও ওয়েল সার্ভিসেস বিভাগে কর্মরত ০২ (দুই) জন কর্মকর্তা যথাক্রমে বেগম নূর-এ-সোনিয়া (পরিচিতি নং-০৮০৩), উপব্যবস্থাপক (ভূপদার্থ) এবং জনাব মোঃ হামিদুজ্জামান (পরিচিতি নং-০৮০৪), উপব্যবস্থাপক (ভূতত্ত্ব) গত ২৪-০৯-২০১৩ তারিখে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগপ্রাপ্ত হয়ে বাপেক্সে যোগদান করেন। ২৪-০৯-২০১৩ তারিখ হতে তাদের চাকরি নিয়মিত করা হয়। একই নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে তাদের সাথে একই পদে অন্যান্য কর্মকর্তাগণ ০১-০৪-২০১৩ তারিখে চাকরিতে যোগদান করেন। মুক্তিযোদ্ধা সনদ ভেরিফিকেশনপূর্বক নিয়োগপত্র প্রেরণের ফলে বর্ণিত সময়ে তাদেরকে চাকরিতে যোগদান করতে হয়। মুক্তিযোদ্ধা সনদ ভেরিফিকেশন সংক্রান্ত উক্ত কাজের জন্য চাকরিতে তাদের সমন্বিত জ্যেষ্ঠতা ক্ষুণ্ণ হয়েছে মর্মে কর্মকর্তাদ্বয় দাবি উত্থাপন করেছেন। উক্ত দাবির প্রেক্ষিতে বিষয়টি পর্যালোচনা ও প্রয়োজনীয় সুপারিশ প্রদানের জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি কমিটি গঠন করা হলো:


#### কমিটি:

- |  |             |
|--|-------------|
| (১) জনাব মোঃ কামরুল হাসান শোভন, উপমহাব্যবস্থাপক (তড়িৎকৌশল), প্রকৌশল বিভাগ | -আহবায়ক    |
| (২) জনাব তারিক উর রহমান, ব্যবস্থাপক (রসায়ন), পরিকল্পনা ও আইসিটি বিভাগ     | -সদস্য সচিব |
| (৩) বেগম রুহ আফজা ফারহানা, ব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ             | -সদস্য      |

#### কমিটির করণীয়:

- কমিটি কর্মকর্তাদ্বয়ের আবেদনের যৌক্তিকতা যাচাই-বাছাই করবে;
- কমিটি কর্মকর্তাদ্বয়ের চাকরিতে যোগদানের পূর্বে মুক্তিযোদ্ধা সনদ ভেরিফিকেশনের বাধ্যবাধকতা ছিল কিনা তা খতিয়ে দেখবে।
- আইনের কোনরূপ ব্যত্যয় হয়েছে কিনা এবং একই নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে যোগদান করা অন্যান্য কর্মকর্তাগণের সাথে তাদের জ্যেষ্ঠতা বিধিবিহীনভাবে হয়েছে কিনা কমিটি তা চিহ্নিত করবে এবং হয়ে থাকলে তা বিশ্লেষণসহ প্রতিকারের সুপারিশ করবে।
- কমিটি উপর্যুক্ত কার্যক্রম সম্পন্ন করে সুপারিশ সম্বলিত প্রতিবেদন যথাশীঘ্রসম্ভব ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বরাবর দাখিল করবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

  
(মোঃ আসাদ উল্লাহ)  
মহাব্যবস্থাপক (প্রশাসন)

বিতরণ: কমিটির আহবায়ক/সদস্য সচিব/সদস্য..... বাপেক্স, ঢাকা।

#### অনুলিপি:

- মহাব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক..... বাপেক্স।
- উপমহাব্যবস্থাপক (আইসিটি এন্ড এমআইএস), বাপেক্স, ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধ সহকারে)।
- ব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের কার্যালয়, বাপেক্স, ঢাকা।
- অফিস কপি।